



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৯ জুলাই, ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৯ জুলাই, ২০১৮ তারিখ বিকাল সাড়ে ৪টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ছাত্র-ছাত্রী দের জন্য ২টি নতুন বাস শুভ উদ্বোধন করেন।

এসময় সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, ছাত্র-ছাত্রীদের পরিবহনের জন্য বাস সংকট দীর্ঘ দিনের সমস্যা। আমি দায়িত্ব নেয়ার পর থেকে এ সমস্যা সমাধানে তৎপর রয়েছি। এরই ধারাবাহিকতায় এবং প্রশাসনের সকলের সহযোগিতায় ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করে ছাত্র-ছাত্রীদের জন্য ২টি নতুন বাস চালু করা হল। এবছরের মধ্যে নতুন আরও ৪টি বাস ক্রয়ের প্রক্রিয়া চলমান রয়েছে।

এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর সৈয়দ হাসানুজ্জামান, সাধারণ সম্পাদক ও প্রক্টর জনাব জহীর উদ্দিন আহমদ, সিন্ডিকেট সদস্য ও পরিবহন প্রশাসক প্রফেসর ড. মো. জহির বিন আলম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. রাশেদ তালুকদার, প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, প্রফেসর ড. মোহাম্মদ কবির হোসেন, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট প্রফেসর ড. এস এম হাসান জাকিরুল ইসলাম, এফইটি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. ইফতেকার আহমদ, পরিসংখ্যান বিভাগের প্রফেসর ড. মো. জাকির হোসেন, প্রধান প্রকৌশলী সৈয়দ হাবিবুর রহমান, পরিকল্পনা ও উন্নয়ন দপ্তরের পরিচালক জনাব এম. আকবর হোসেন সহ প্রমুখ।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার